

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ Insurance Development & Regulatory Authority (IDRA)

বীঃউঃনিঃক/জিএডি/১০০৩/২০১১- ২২২৩

০৯ শ্রাবণ, ১৪১৯ বাং
তারিখঃ-----


২৪ জুলাই, ২০১২ ইং

সার্কুলার নং-জিএডি-০৯/২০১২

বিষয়ঃ বিলাসবহুল যানবাহনে উচ্চ ব্যয় পরিহার প্রসঙ্গে।

ইদানীং বীমা কোম্পানীগুলো কর্তৃক যানবাহন ক্রয়/ব্যবহারের ক্ষেত্রে পরিমিতি বোধের অভাব লক্ষ্য করা যাচ্ছে। যানবাহনখাতে উচ্চমাত্রায় ব্যয় পলিসি হোল্ডার/শেয়ার হোল্ডারদের স্বার্থ ক্ষুণ্ণ করে। বীমা শিল্প, বীমা গ্রহীতা ও সর্বোপরি বৃহত্তর জনস্বার্থে বীমা কোম্পানীর চেয়ারম্যান, মুখ্য নির্বাহী এবং অফিসের যানবাহন ক্রয়/ব্যবহারের নিমিত্তে নিম্নোক্ত নির্দেশনাসমূহ দেয়া যাচ্ছেঃ

১. পর্ষদ চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকার অধিক মূল্যের মোটরযান বীমা কোম্পানীর অর্থে ক্রয় করা যাবে না। শুধুমাত্র চেয়ারম্যান একটি মোটরযান সুবিধা প্রাপ্য হবেন এবং পর্ষদের অন্য কোন সদস্য মোটরযান সুবিধা পাবেননা ;
২. পর্ষদ চেয়ারম্যান ও মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য সার্বক্ষণিক গাড়ীসহ সকল যানবাহন সাধারণভাবে অন্ততঃ ০৫ (পাঁচ) বছর ব্যবহারের পর প্রতিস্থাপনযোগ্য হবে ;
৩. পুলের জন্য গাড়ী ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা নির্ধারণ করা হল এবং পুলে সর্বোচ্চ ০৪ (চার) টির বেশি গাড়ী রাখা যাবে না ;
৪. বীমা কোম্পানীর অর্থে ক্রয়কৃত মোটরযানবহরে যানবাহনের সংখ্যার প্রবৃদ্ধি কোম্পানীর জনবল ও অফিস/শাখার সম্প্রসারণের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে ;
৫. বীমা কোম্পানীর মোটরযান ব্যবহার ও পরিচালন ব্যয়ের তথ্য ষাণ্মাসিকভাবে পরিচালনা পর্ষদ সভায় এবং প্রত্যেক বার্ষিক সাধারণ সভায় অবগতি ও পর্যালোচনার জন্য উপস্থাপন করতে হবে।


(নব গোপাল বণিক)
সদস্য

প্রাপক,
মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানী